



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/ কলেজ/ অনু:/২০১৫/৩১১

তারিখ : ০৪/০৫/২০১৫

বিষয় : উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান

সূত্র : (ক) বিদ্যালয়ের স্মারক নং- ইউসিমাবি/২৭/২০১৫, তারিখ: ৩০/০৪/২০১৫।

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-১২ (মাধ্যমিক-৩) এর স্মারক নং -৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৪০.১২/৫৬৯, তারিখ : ১০ ডিসেম্বর -২০১৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ০৪/০৫/২০১৫ তারিখের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ভোলা জেলার সদর উপজেলাধীন “ ইলিশা ইউ. সি মাধ্যমিক বিদ্যালয়”-এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির অনুমতিসহ নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহে আগামী ০১-০৭-২০১৫ হতে ৩০-০৬-২০১৬ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছরের জন্য পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

পাঠদানের অনুমতির সময়সীমা অতিক্রান্ত হবার পর দ্বাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির অনুমতিসহ পুনরায় পাঠদানের অনুমতি নবায়ন করতে হবে। অন্যথায় উক্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শাখা ও বিষয় সমূহ

০১। আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

০২। নৈর্বাচনিক বিষয়

ক) মানবিক শাখা : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস এবং যুক্তিবিদ্যা।

খ) ব্যবসায় শিক্ষা শাখা : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা এবং উৎপাদন ব্যবস্থাপনা এবং বিপণন।

গ) সকল শাখার জন্য : কৃষি শিক্ষা।

শর্তাবলী :

- শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন- ২০০৫ অনুসরণসহ ২০% মহিলা কোটা পূরণ করতে হবে এবং শিক্ষক/জনবল নিয়োগ দিয়ে যাবতীয় কাগজপত্র বোর্ডে জমা দিতে হবে
- প্রতি বিষয়ে কমপক্ষে ২৫ জন শিক্ষার্থী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ এবং এর ৫০% উত্তীর্ণ হতে হবে।
- এ অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।
- শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই এ অনুমতি স্থগিত/ প্রত্যাহার করতে পারবে।
- এই পত্র জারির তারিখ থেকে প্রতিষ্ঠানটি ইলিশা ইউ. সি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় নামে পরিচালিত হবে।
- উল্লিখিত আদেশটি কলেজ মঞ্জুরী কমিটির পরবর্তী সভায় অনুমোদন সাপেক্ষে কার্যকর হবে।

০৪.০৫.২০১৫

ড. মোঃ লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

ই-মেইল: drliaquat@gmail.com

অধ্যক্ষ

ইলিশা ইউ. সি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর : ইলিশা হাট,

উপজেলাঃ ভোলা সদর, জেলাঃ ভোলা

অনুলিপি প্রেরিত

- সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
- সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ ব্যানবেইস/ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
- সংক্ষণ নথি